# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**17 JANUARY 2025                    7:35—7:40**

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুদিনের সফরসূচি নিয়ে আসামে আসছেন । গৌহাটি পৌঁছে আজ বিকেলে প্রধানমন্ত্রী গৌহাটি সরুসজাই ষ্টেডিয়ামে প্রায় ১০ হাজার শিল্পীর দ্বারা পরিবেশিত বাগরুম্বা নৃত্য উপভোগ করবেন । ইতিমধ্যেই এই অনুষ্ঠানের জন্য যাবতীয় প্রস্তুতি চূড়ান্ত করা হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সরুসজাই ষ্টেডিয়ামে গিয়ে সমগ্র দিক তদারকি করা সহ সমবেত শিল্পীদের সাহস ও অনুপ্রেরণা দেওয়ার উদ্দেশ্যে সংক্ষিপ্ত ভাষণ দেন।

বাইট-----

রাজ্যের বিভিন্ন স্থান থেকে ইতিমধ্যেই এই নৃত্য পরিবেশন করার জন্য শিল্পীরা গৌহাটি উপস্থিত হয়েছেন । আসামের প্রাচীন ঐতিহ্য বড়ো সম্প্রদায়ের বাগরুম্বা নৃত্য বিশ্বব্যাপী প্রসারের উদ্দেশ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী আগামীকাল কলিয়াবরের মৌসন্দা মাঠে একটি জনসভায় অংশ গ্রহণ করবেন এই সভায় কলিয়াবর থেকে বোকাঘাট পর্যন্ত ৬ হাজার ৯শো ৫৭ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান কাজিরাঙ্গা এলিভেটেট করিডোরের শিলান্যাস করবেন । মন্ত্রী পীযুষ হাজারিকা , কেশব মহন্ত , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা এবং আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং প্রধানমন্ত্রীর জনসভাস্থল পরিদর্শন করে সেখানকার কাজ-কর্মের অগ্রগতি খতিয়ে দেখেছেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী এই সফরের সময় ডিব্রুগড় থেকে লক্ষ্মৌর গোমটি পর্যন্ত এবং গৌহাটি থেকে নতুন দিল্লীর রাউটা পর্যন্ত চলাচলকারী দুটি রেল যাত্রারও সূচনা করবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ষ্টার্ট আপ ইন্ডিয়া অভিযান গত দশ বছরে এক বিপ্লবে পরিগণিত হয়েছে বলে মন্তব্য করেন। নতুনদিল্লীতে গতকাল জাতীয় ষ্টার্ট আপ দিবসের

এক দশক সম্পূর্ন হোয়া উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষন দেবার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মন্তব্য করেন ।

প্রধানমন্ত্রী বলেন, যে ষ্টার্ট আপ ইন্ডিয়া অভিযান শুধু একটি প্রকল্প নয় এটি বিভিন্ন ক্ষেত্রের সম্ভাবনাযূক্ত দিকগুলিরর সংগে সংযুক্ত হোয়ার এক লক্ষ্য । তিনি বলেন এই ক্ষেত্রে ভারত সমগ্র বিশ্বের মধ্যে তৃতীয় স্থানে রয়েছে । এক দশক আগে ভারতে ৫০০ থেকে ও কম ষ্টার্ট আপ ছিল কিন্তু বর্তমানে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে দু লক্ষের ও অধিক হয়েছে ।

প্রধানমন্ত্রী এই ক্ষেত্রে মহিলাদের ভূমিকার প্রশংসা করে বলেন যে ভারতে অনুমোদিত ষ্টার্ট আপ গুলির ৪৫ শতাংশে একজন করে মহিলা সঞ্চালক ও অংশীদার রয়েছেন । মহিলা পরিচালিত ষ্টার্ট আপগুলির ক্ষেত্রে ভারত বিশ্বের মধ্যে দ্বিতীয় বৃহত্তম স্থানে রয়েছে ।

অনুষ্ঠানে কেন্দ্রীয় শিল্প ও বানিজ্য মন্ত্রী পীযুশ গোয়েল বলেন যে গত এক দশকে ষ্টার্ট আপের ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এক বৃহৎ পরিবর্তন সাধন হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা সচিবালয় আগামী ১৬ ই ফেব্রুয়ারী থেকে আসাম বিধানসভার আধিবেশন অনুষ্ঠিত করার অনুমতি চেয়ে রাজ্যপালের কাছে পত্র প্রেরণ করেছে । সেই অনুযায়ী রাজ্যপাল অনুমতি দিলে সরকার এসম্পর্কে অধিসূচণা জারি করবে বলে বিধানসভা সচিবালয় সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য আসন্ন বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে এবার বিধানসভার অধিবেশনে পূর্নাংগ বাজেটের পরিবর্তে লেখানুদান দাখিল করা হবে ।

---------------------------------------------------------------------------------

কে আর সি ফাউন্ডেশনের উদ্যোগে শ্রীভূমি জেলায় প্রথমবারের মতো বরাক উৎসবের আয়োজন করা হয়েছে । উৎসবের কার্যসূচীর মধ্যে রয়েছে আগামী ১৮ই জানুয়ারী অংকন প্রতিযোগীতা , ২২শে জানুয়ারী সাংস্কৃতিক অনুষ্ঠান , ২৩শে জানুয়ারী বিদ্যালয় ও কলেজ স্তরে বাংলা লোকশিল্প ও সংস্কৃতির উপর আলপনা প্রতিযোগীতা এবং ২৬শে জানুয়ারী লাতুর মালেগড়ে সিপাহী বিদ্রোহের শহিদ স্মারক স্থলে শ্রদ্ধাঞ্জলী অর্পনের মাধ্যমে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানানো । উল্লেখ্য বরাক উপত্যকার সংস্কৃতি, ঐতিহ্য ও সামাজিক ঐক্যকে আরো শক্তিশালী করার উদ্যেশ্যে বরাক উৎসবের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসাম ফুটবল সংস্থা ২০২৫-২৬ সালের সন্তোষ ট্রফির ৭৯তম জাতীয় ফুটবল চেম্পিয়ানশিপে অংশ গ্রহণ করার জন্য নির্বাচিত ২২ জন খেলোয়াড়ের নামের তালিকা প্রকাশ করেছে । প্রতিযোগিতার ফাইনাল রাউন্ডের খেলা সমূহ ঢাকুয়াখানা এবং শিলাপথারে আগামী ২১ জানুয়ারী থেকে ৮ ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হবে । গত ৭ জানুয়ারী থেকে ধেমাজীতে অনুষ্ঠিত প্রস্তুতি শিবিরের প্রদর্শনীর ভিত্তিতে খেলোয়াড়দের নাম নির্বাচিত করা হয়েছে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার গতকালের খেলায় স্টার এ দল মাঠে অনুপস্থিত থাকায় জি এল এস আলগাপুর ক্লাবকে বিজয়ী বলে ঘোষনা করা হয় । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় মায়া ক্লাব ও কাটলিছড়া স্পোর্টস এসোসিয়েশন পরস্পরের মুখোমুখি হবে ।

-----------------------------------------------------------------------------------------------